



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh. Phone: 0371-61328

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ২৭ আগস্ট ২০০৬

প্রেস বিজ্ঞপ্তি

দিনাজপুরের ফুলবাড়িতে পুলিশী বর্বরতার নিন্দা

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট চট্টগ্রাম ইউনিট আজ এক বিবৃতিতে গতকাল দিনাজপুরের ফুলবাড়ি উপজেলায় বৃটিশ কোম্পানী এশিয়া এনার্জির অফিস ঘেরাও কর্মসূচীতে অংশ নিতে আসা জনতার ওপর পুলিশ-বিডিআর সদস্যদের নির্বিচার গুলিতে ৭ জন নিহত হওয়ার ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে।

বিবৃতিতে দোষী পুলিশ-বিডিআর সদস্যদের শাস্তি, নিহতদের পরিবারবর্গকে যথোপযুক্ত ক্ষতিপূরণ প্রদান ও এশিয়া এনার্জির কার্যক্রম বন্ধের দাবি জানানো হয়।

ঘটনার পর এশিয়া এনার্জি কর্পোরেশন (বাংলাদেশ) এর নির্বাহী কর্মকর্তা গ্যারী লাই এর দেয়া বক্তব্যকে চরম ধৃষ্টতাপূর্ণ আখ্যায়িত করে বিবৃতিতে বলা হয়, কারা বাংলাদেশের জনগণের প্রতিনিধিত্বশীল সে সম্পর্কে কথা বলার অধিকার তার নেই।

বিবৃতিতে আরো বলা হয়, এশিয়া এনার্জির উন্মুক্ত পদ্ধতিতে কয়লা আহরণ প্রকল্প বাস্তবায়িত হলে ১০০ টি গ্রামের মানুষ ক্ষতিগ্রস্ত হবেন যাদের অধিকাংশই সাঁওতাল, মুন্ডা ও মাহালি জাতিগোষ্ঠীর লোকজন, কমপক্ষে ৪০,০০০ লোক উচ্ছেদের শিকার হবেন এবং সর্বোপরি ধ্বংস হবে এলাকার প্রাকৃতিক পরিবেশ।

বার্তা প্রেরক

রিপন চাকমা

প্রেস সেকশন

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

চট্টগ্রাম ইউনিট